ক্ষমতায় যাওয়ার একমাত্র রাস্তা নির্বাচন, সংসদ সদস্য চঞ্চল

ক্ষমতায় যাওয়ার একমাত্র রাস্তা নির্বাচন। অন্য কোন পথ খোলা নাই। এ কারনে বলতে চাই, জ্বালাও পোড়াও বাদ দিয়ে মানুষের পাশে দাঁড়ান।

বৃহস্পতিবার কোটচাঁদপুর উপজেলায় মসুর বীজ, ছাগল ও ভ্যান বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন,উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সাবেক বীর মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, কৃষি অফিসার মোঃ মহাসিন আলী,সমাজ সেবা অফিসার মোঃ জহুরুল ইসলাম, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার।

পরে সংসদ সদস্য কোটচাঁদপুর উপজেলা প্রশাসন ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অর্থায়নে পরিষদ মিলনায়তন থেকে ২০২২-২৩ অর্থ বছরের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে বিনামূল্যে মসুর বীজ তুলে দেন দারিদ্র্য মানুষের হাতে। এরপর সমাজসেবা কার্যালয় থেকে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর মাঝে ছাগল প্রদান করেন তিনি।

এছাড়া একই অনুষ্ঠানে কৃষি সম্পসারন অধিদপ্তরে আয়োজনে পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্পের আওতায় মডেল ইউনিয়নের কৃষক গ্রুপের মাঝে নিরাপদ সজীব পরিবহনের জন্য ভ্যান বিতরণ করা হয়।